# বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
## সদর দপ্তর, হিসাব শাখা, কুর্মিটোলা, ঢাকা।
## www.caab.gov.bd

নং ৩০.৩১.০০০০.৩০১.৭(৭)/বাজেট/ ১৪৭ | তারিখ: ১৬/১১/২০২৫খ্রিঃ।

**"অফিস আদেশ"**

বিষয়: মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন প্রকল্প বা কর্মসূচীর অনুকূলে ব্যয় মঞ্জুরীর প্রস্তাবনায় তথ্য সংযুক্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চলমান মেরামত ও রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন প্রকল্প বা কর্মসূচীর অনুকূলে ব্যয় মঞ্জুরীর প্রস্তাবনা পর্যালোচনায় অনেক ক্ষেত্রে প্রস্তাবনাসমূহে যথাযথ তথ্যের ঘাটতি পরিলক্ষিত হয়। এছাড়া, D-নথিতে উপস্থাপিত ব্যয় মঞ্জুরী প্রস্তাবনায় সংযুক্ত ডকুমেন্টস অনেক ক্ষেত্রে পর্যালোচনা করতে সমস্যার সৃষ্টি হয়। কাজেই D-নথির পরিবর্তে ব্যয় মঞ্জুরীর প্রস্তাবনা হার্ড নথিতে উপস্থাপন করা হলে প্রস্তাব সংশ্লিষ্ট প্রয়োজনীয় ডকুমেন্টস উক্ত নথিতে সংযুক্ত থাকবে এবং তা পরীক্ষা-নিরীক্ষান্তে সিদ্ধান্তে উপনীত হওয়া সহজ হবে বিধায় এখন হতে ব্যয় মঞ্জুরীর প্রস্তাবনা D-নথির পরিবর্তে হার্ড নথিতে পেশ করার জন্য প্রস্তাবনা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত প্রস্তাবনা মোতাবেক ব্যয় মঞ্জুরী প্রস্তাবনায় আবশ্যিকভাবে নিম্নে বর্ণিত তথ্য/ডকুমেন্টস সংযুক্ত করা প্রয়োজন :

(ক) কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্রশাসনিক অনুমোদনপত্র ও অনুমোদিত নোট শীটের ফটোকপি ;

(খ) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত কার্যাদেশের কপি ;

(গ) সংশ্লিষ্ট ইউনিটের চাহিদাপত্রের কপি ;

(ঘ) যদি কোন কাজের আংশিক বিল প্রদান করা হয়, সেক্ষেত্রে পরিশোধিত বিলের ব্যয় মঞ্জুরীর কপি ;

(ঙ) চুক্তিপত্রের কপি ;

(চ) চলতি আর্থিক সালের অনুমোদিত এপিপি'র কপি ;

(ছ) টেন্ডার ডকুমেন্ট এর কপি ;

(জ) মূলধণ জাতীয় কাজের অনুকূলে ব্যয় মঞ্জুরীর প্রস্তাবনায় বাজেটে উল্লেখিত কাজের শিরোনাম ও যথাযথ কোড নং উল্লেখ করতে হবে ; এবং

(ঝ) মেরামত রক্ষণাবেক্ষণ জাতীয় কাজের ক্ষেত্রে কাজের শিরোনাম ও যথাযথ কোড উল্লেখ করতে হবে।

২.০ এমতাবস্থায়, এপত্র জারীর পর হতে ব্যয় মঞ্জুরীর প্রস্তাবনা D-নথির পরিবর্তে হার্ড নথিতে প্রেরণসহ অনুচ্ছেদ ১.০ এ বর্ণিত তথ্যাদি আবশ্যিকভাবে সংযুক্তির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬/১১/২৫


(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
পরিচালক (অর্থ)
সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
ফোন- ৮৯০১৪২১


বিতরণ (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

০১। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর/সেন্ট্রাল প্রকিয়রমেন্ট ইঞ্জিনিয়ারিং এবং স্টোর ইউনিট, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০২। পরিচালক, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম/ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল সার্কেল (হশাআবি)/ই/এম সার্কেল (হশাআবি)/সিভিল সার্কেল প্রকল্প/ই/এম সার্কেল প্রকল্প, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৪। নির্বাহী প্রকৌশলী, সিভিল ডিভিশন- ১, ২, ৩, ৪, ৫ ও ৬ এবং ই/এম ডিভিশন- ১, ২, ৩, ৪, ৫, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৫। উপ-পরিচালক (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৬। বিমানবন্দর ব্যবস্থাপক, কক্সবাজার বিমানবন্দর, শাহ মখদুম বিমানবন্দর/রাজশাহী, যশোহর বিমান বন্দর, সৈয়দপুর বিমানবন্দর, বরিশাল বিমানবন্দর, ঈশ্বরদী বিমানবন্দর, কুমিল্লা বিমানবন্দর, সিএএবি।

অনুলিপি সদয় অবগতির জন্য :

০১। সকল সদস্য (------------------------), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৩। সকল পরিচালক (---------------------------), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৪। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (কর্তৃপক্ষের ওয়েব সাইটে নোটিশটি প্রকাশের অনুরোধসহ)।